

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭২৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا رَأَيْتُمُ الرَّجُلَ يَتَعَاهَدُ الْمَسْجِدِ فَاشْهَدُوا لَهُ بِالْإِيمَانِ فَإِنِ الله تَعَالَى يَقُولُ (إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّه وَالْيَوْمِ الآخر وَأَقَام الصَّلَاة وَآتى الزَّكَاة)

رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْنِ مَاجَه والدارمي

বাংলা

৭২৩-[৩৫] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কাউকে তোমরা যখন নিয়মিত মসজিদে যাতায়াত করতে দেখবে তখন তার ঈমান আছে বলে সাক্ষ্য দিবে। কারণ আল্লাহ তা'আলা বলেছেনঃ ''আল্লাহর ঘর মাসজিদসমূহের রক্ষণাবেক্ষণ করে সেই ব্যক্তি যে আল্লাহর ওপর ও পরকালের ওপর ঈমান এনেছে''- (সূরাহ্ আত্ তওবা্ ৯: ১৮)। (তিরমিযী, ইবনু মাজাহ্ ও দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ২৬১৭, ইবনু মাজাহ্ ৮০২, য'ঈফ আত্ তারগীব ২০৩, দারিমী ১২৫৯। কারণ এর সানাদে দাররাজ 'আবুস্ সামহ রয়েছে যে অনেক মুনকার হাদীস বর্ণনা করেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন